গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট
প্লট- ৫/ এ, সেক্টর- ৮, উত্তরা মডেল টাউন, ঢাকা-১২৩০।
www.bpi.gov.bd

**বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউটের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২৩-২৪ এর মার্চ, ২০২৪ পর্যন্ত অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী।**

| | |
|---|---|
| সভাপতি | খেনচান<br>মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব) |
| সভার তারিখ | ২৪/০৪/২০২৪ |
| সভার সময় | বিকাল ০২ঃ০০ ঘটিকা |
| স্থান | বিপিআই সভাকক্ষ |
| উপস্থিতি | সংযুক্তি-ক (উপস্থিতি তালিকা) |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর সভায় ২০২৩-২৪ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়নের অগ্রগতির বিষয়ে নিম্নবর্ণিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্র. নং. | বিষয়/আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা |
|---|---|---|---|
| ১. | **জ্বালানি ও খনিজ সম্পদ খাতে দক্ষ জনসম্পদ তৈরী সংক্রান্তঃ**<br>২০২৩-২৪ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির আওতাধীন কর্মসম্পাদন ক্ষেত্রের সুষ্ঠু বাস্তবায়নের নিমিত্ত প্রশিক্ষণ ও কর্মশালা বিষয়ে সভায় আলোচনা হয়। মার্চ, ২০২৪ পর্যন্ত ২১ টি প্রশিক্ষণের মাধ্যমে মোট ৫৩০ জন প্রশিক্ষণার্থী কে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। তন্মধ্যে ১টি বুনিয়াদি প্রশিক্ষণে ২৭ জন প্রশিক্ষণার্থীকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে মর্মে সভাকে জানানো হয়। | বার্ষিক প্রশিক্ষণ সূচি অনুযায়ী প্রশিক্ষণ ও কর্মশালা সুষ্ঠুভাবে আয়োজনের জন্য সকল প্রস্তুতি সম্পন্ন করতে হবে। | ১। পরিচালক (প্রশাসন ও প্রশিক্ষণ)<br>২। ঊর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা (প্রশিক্ষণ অধিশাখা)<br>৩। বৈজ্ঞানিক কর্মকর্তা (প্রশিক্ষণ অধিশাখা) |
| ২. | **জ্বালানি খাতে গবেষণা ও উন্নয়ন সংক্রান্তঃ**<br>সভায় জ্বালানি ও খনিজ সম্পদ সম্পর্কিত গবেষণার অগ্রগতি সম্পর্কে আলোচনা করা হয়। সংশ্লিষ্ট কর্মকর্তা জানান যে, "Design and Construction of Remotely Operated Vehicle (ROV) for Oil and gas Industry in Bangladesh: Implementation of Artificial Intelligence (AI) and Machine Learning (ML)" বিষয়ে সফটওয়্যার বিষয়ক কাজ সম্পন্ন হয়েছে এবং হার্ডওয়্যার নির্মাণ ও রিপোর্ট প্রণয়নের কাজ চলমান রয়েছে। | যথাসময়ে জ্বালানি ও খনিজ সম্পদ সম্পর্কিত নির্ধারিত বিষয়ে গবেষণা পূর্ণাঙ্গ প্রতিবেদন দাখিলের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১। ঊর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা (প্রশিক্ষণ অধিশাখা)<br>২। ঊর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা (গবেষণা অধিশাখা)<br>৩। বৈজ্ঞানিক কর্মকর্তা (গবেষণা অধিশাখা) |

| | | | |
|---|---|---|---|
| ৩. | **বিপিআই এর কার্যক্রম উন্নয়ন সংক্রান্তঃ**<br>সভায় প্রশিক্ষণ সম্পর্কিত প্রচারণা ও সরেজমিনে ফিডব্যাক গ্রহণ সম্পর্কে এবং পরিদর্শনের ফিডব্যাক অনুযায়ী গৃহীত পদক্ষেপ বাস্তবায়ন সম্পর্কে আলোচনা করা হয়। সংশ্লিষ্ট কর্মকর্তা জানান যে মার্চ, ২০২৪ মাসের মধ্যে ৩টি প্রতিষ্ঠানে প্রচারণা কার্যক্রম পরিচালনা করে ফিডব্যাক গ্রহণ করা হয়েছে। এছাড়াও ১১ - ১৪ মে, ২০২৪ সময়ে চট্টগ্রামস্থ কর্ণফুলী গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড এবং পদ্মা অয়েল কোম্পানী লিমিটেডে প্রচারণা ও সরেজমিনে ফিডব্যাক গ্রহণের আয়োজন করা হয়েছে। সহকারী পরিচালক (হিসাব শাখা) জানান যে, সুপারিশ অনুযায়ী ডরমিটরি কক্ষ শীতাতপ নিয়ন্ত্রণের লক্ষ্যে এসি প্রদানের জন্য বিভিন্ন প্রতিষ্ঠানে পত্র প্রেরণের প্রেক্ষিতে, দুই লক্ষ পঞ্চাশ হাজার টাকা পাওয়া গিয়েছে। | অবশিষ্ট প্রচারণা ও সরেজমিনে ফিডব্যাক গ্রহণ কার্যক্রম যথাসময়ে পরিচালনা করতে হবে, ফিডব্যাক অনুযায়ী গৃহীত পদক্ষেপ যথাসময়ে বাস্তবায়ন করতে হবে এবং প্রাপ্ত অর্থে ডরমিটরিতে এসি স্থাপনের কাজ চলতি অর্থবছরে সম্পন্ন করতে হবে। | ১। পরিচালক (প্রশাসন ও প্রশিক্ষণ)<br>২। উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা (প্রশিক্ষণ অধিশাখা)<br>৩। উপ-পরিচালক অর্থ (বাজেট ও হিসাব) অধিশাখা।<br>৪। সহকারী পরিচালক (ভান্ডার শাখা)। |
| ৪. | **স্মার্ট বাংলাদেশে জ্বালানি ও খনিজ সম্পদের যোগান ও ব্যবহার বিষয়ে প্রশিক্ষণ ও গবেষণা সম্পর্কিত সেমিনার/কর্মশালা সংক্রান্তঃ**<br>সভায় উক্ত বিষয়ে আলোচনা হলে সংশ্লিষ্ট কর্মকর্তা জানান যে, উক্ত কার্যক্রম আগামী ২ মে, ২০২৪ সময়ে সম্পন্ন করার জন্য প্রস্তুতি গ্রহণ করা হয়েছে। জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের অধীনস্থ প্রতিষ্ঠান এবং বিপিআই এর স্টেকহোল্ডারদের সমন্বয়ে স্মার্ট বাংলাদেশে জ্বালানি ও খনিজ সম্পদের যোগান ও ব্যবহার বিষয়ে প্রশিক্ষণ ও গবেষণা সম্পর্কিত সেমিনার/কর্মশালা আয়োজন করা হবে। | উক্ত কার্যক্রম যথাসময়ে সম্পন্ন করার জন্য জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের অধীনস্থ প্রতিষ্ঠান এবং বিপিআই এর স্টেকহোল্ডারদের সাথে যোগাযোগ করতে হবে এবং অন্যান্য প্রস্তুতি গ্রহণ করতে হবে। | ১। পরিচালক (প্রশাসন ও প্রশিক্ষণ)<br>২। উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা (প্রশিক্ষণ অধিশাখা)<br>৩। বৈজ্ঞানিক কর্মকর্তা (প্রশিক্ষণ অধিশাখা) |
| ৫. | **সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণঃ**<br>সভায় সুশাসন ও সংস্কারমূলক ৫টি কার্যক্রমের অগ্রগতি সম্পর্কে আলোচনা করা হয়। সংশ্লিষ্ট কর্মকর্তারা সুশাসন ও সংস্কারমূলক ৫টি কার্যক্রমের অগ্রগতি সভায় তুলে ধরেন এবং অবশিষ্ট সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন যথাসময়ে সম্পন্ন করার প্রস্তুতি চলমান রয়েছে মর্মে সভাকে অবহিত করেন। | উক্ত কার্যক্রমসমূহ যথাসময়ে সম্পন্ন করার সকল প্রস্তুতি গ্রহণ করতে হবে। | ১। পরিচালক (প্রশাসন ও প্রশিক্ষণ)<br>২। উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা (সকল)<br>৩। উপ-পরিচালক (সাধারণ প্রশাসন অধিশাখা)<br>৪। বৈজ্ঞানিক কর্মকর্তা (সকল)<br>৫। সহকারী পরিচালক (সকল) |

২। সভায় আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

০৬-০৫-২০২৪
খেনচান
মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)
+৮৮০২৮৯৩৩৩৩৪ (ফোন)
+৮৮০২৮৯৩৩৩৩৬ (ফ্যাক্স)
dg@bpi.gov.bd


২৩ বৈশাখ ১৪৩১ বঙ্গাব্দ
তারিখ:
০৬ মে ২০২৪ খ্রিস্টাব্দ

**নম্বর:** ২৮.০৪.০০০০.০০৩.১৬.০২৪.১৮.৪২

## বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা, প্রশিক্ষণ অধিশাখা, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট;
২। উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা, ডাটা ম্যানেজমেন্ট অনুবিভাগ, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট;
৩। উপপরিচালক, সাধারণ প্রশাসন অধিশাখা, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট;
৪। উপপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), অর্থ (বাজেট ও হিসাব) অধিশাখা, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট;

৫। বৈজ্ঞানিক কর্মকর্তা, প্রোডাকশন,প্রসেসিং এন্ড ডিস্ট্রিবিউশন টেকনোলজিস শাখা, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট;
৬। বৈজ্ঞানিক কর্মকর্তা, ভান্ডার শাখা, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট;
৭। বৈজ্ঞানিক কর্মকর্তা, ডাটা প্রসেসিং,আইটি এন্ড ব্যুরো সার্ভিস শাখা, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট;
৮। বৈজ্ঞানিক কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব), প্রশিক্ষণ অধিশাখা, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট;
৯। সহকারী পরিচালক, হিসাব শাখা, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট;
১০। সহকারী পরিচালক, হিসাব শাখা, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট;
১১। সহকারী পরিচালক, হিসাব শাখা, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট এবং
১২। সহকারী পরিচালক, সাধারণ প্রশাসন শাখা, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট।



০৬-০৫-২০২৪
খেনচান
মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)

**সকল সংযুক্তিসমূহ:**

(১) ক